

ওম বিড়লার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে চায় কংগ্রেস

নয়াদিল্লি, ২৮ মার্চঃ তাঁকে সংসদে বলতে না দেওয়া নিয়ে স্মরণ লোকসভার স্পিকার ওম বিড়লাকে একাধিকবার কাঠগড়ায় তুলেছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। তাঁর সাংসদ পদ খারিজের পরও বলেছেন, স্পিকার সাহেবের সর্বদা মুখে হাসি। দেখা হলে চেষ্টা করে চা খেতে ডাকেন, কিন্তু সংসদে বলতে দেন না। তৃণমূলের সাংসদ মহুয়া মৈত্রির অভিযোগ, লোকসভায় দু-রকম নিয়ম চালু হয়েছে। বিজেপির জন্য একরকম, বিরোধীদের জন্য আর একরকম। শুধু রাহুল, মহুয়ারাই নন, কমবেশি সব বিরোধী দলই লোকসভার স্পিকারের ভূমিকায় অশুশি। তাঁদের বক্তব্য, রাজ্যসভায় চেয়ারম্যান জগদীপ ধনকট, লোকসভায় স্পিকার ওম বিড়লা রেফারির দায়িত্ব ভুলে সরকারের গোলাবন্ধনের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। সরকারকে ছোঁড়া বিরোধীদের সমালোচনার তির আটিকে দেওয়াই যেন তাঁদের উদ্দেশ্য হয়ে দাঁড়িয়েছে। কংগ্রেস চাইছে এই সুযোগে লোকসভার স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে। মঙ্গলবার কংগ্রেস নেতৃত্ব বিরোধী দলগুলির সঙ্গে এই ব্যাপারে আলাপ আলোচনা শুরু করেছে। সোমবার রাতে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাজেরা বাড়িতে ১৯টি বিরোধী দলের বৈঠকে অনাস্থা প্রস্তাবের বিষয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। বাকি দলগুলি জানিয়েছে তারা নেতৃত্বকে প্রস্তাবের কথা জানানো। কংগ্রেসের প্রবীণ নেতা জয়রাম রমেশকে দল দায়িত্ব দিয়েছে বিরোধীদের সঙ্গে আলোচনা চালাতে। মঙ্গলবারও সংসদ চলেনি। গত ১৩দিন ধরে একই চিত্র। সভা শুরুর পরই গোলামলের কথা জানিয়ে অধিবেশন মূলতুই করে দেওয়া হচ্ছে। কংগ্রেস নেতৃত্ব মনে করছে, স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনে দেশে গণতন্ত্রহীনতার অভিযোগকে আরও জোরবান করা সম্ভব। যদিও লল জানেন সংসদে এমন নিন্দা প্রস্তাব পাশ হওয়ার প্রশ্ন ওঠে না। কারণ, বিজেপির সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। লোকসভায়। কিন্তু অনাস্থা প্রস্তাব পাশ না হলেও এর রাজনৈতিক গুরুত্ব অসীম। কারণ, এই প্রস্তাব পেশ হওয়াই একজন স্পিকারের জন্য খুবই অসম্মানের। যদিও প্রস্তাব নিয়ে আলোচনার সুযোগ মিলবে কিনা, তাও অনিশ্চিত। কংগ্রেস মনে করছে, প্রস্তাব পেশ হলেই সরকার ও স্পিকারের চাপে পড়ে যাবেন। রাহুলের সাংসদ পদ খারিজের লোকসভার সচিবালয়ের তৎপরতা নিয়ে কংগ্রেস আগেই প্রশ্ন তুলেছে। তাঁদের বক্তব্য, রাহুলকে উচ্চ আদালতে যাওয়ার সুযোগ না দিয়েই সাংসদ পদ খারিজের সিদ্ধান্ত ঘোষণা করে দিয়েছে স্পিকারের অফিস। কিন্তু আইনে কোথাও বলা নেই, নিম্ন আদালতে দু'বছর বা বেশি সাজা হলেই সঙ্গে সঙ্গে সদস্যপদ বাতিল করে দিতে হবে। রাহুলের সাংসদ পদ খারিজের ইস্যুতে আরও একভাবে স্পিকারকে নিশানা করেছে কংগ্রেস। গত ৭ ফেব্রুয়ারি লোকসভায় শেষবার ভাষণ দেন রাহুল। তাতে তিনি আদালতির সঙ্গে সম্পর্ক নিয়ে প্রধানমন্ত্রীর উদ্দেশে ১০টি প্রশ্ন করেছিলেন। কিন্তু স্পিকার ওম বিড়লা অশস্ত্রিকর প্রশ্নগুলি লোকসভার কার্যবিবরণী থেকেই বাদ দিয়ে দিয়েছেন। কংগ্রেসের অভিযোগ, রাহুলের ওই ভাষণে শক্তিত হয়েই দ্রুত সূত্রের আদালতে চলা মানহানি মামলার নিষ্পত্তি করা হয়েছে। রাহুলের ভাষণ ছেঁটে দেওয়াতে স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার পক্ষপাতী কংগ্রেস। দল আগেই বলেছে, স্পিকার ওম বিড়লা এবং রাজ্যসভার সোয়ারম্যান জগদীপ ধনকট সরকারের চিয়ার লিডারের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। নিয়ম হল, অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনার দিন স্পিকার নিজে তাঁর আসনে বসতে পারেন না। স্পিকারের ঘোরে বসেন ডেপুটি স্পিকার। অবাক করা বিষয় হল, ভারতের লোকসভায় গত নয় বছর ডেপুটি স্পিকার পদটি ফাঁকা। তাঁদের কোনও দিন লোকসভায় এমন নজির নেই। কেন স্পিকার ওম বিড়লার কোনও ডেপুটি নেই? আসলে ভারতের সংসদের ঐতিহ্য হল, ডেপুটি স্পিকারের পদে সব সময় বিরোধী দলের কাউকে বসানো হয়। লোকসভার বিজেপি কোনও বিরোধী মুখকে ডেপুটি স্পিকারের চেয়ারে বসানোর ঝুঁকি নিতে চায় না।

সিঙ্গুরকে আমি ভুলিনি, ভুলতে পারবো না ‘জিএসটি সমর্থন আমাদের সবচেয়ে বড় ভুল’, সিঙ্গুরের মধ্যে দাঁড়িয়ে অনুশোচনায় মুখ্যমন্ত্রী

প্রীতম সাথুগাঁ, সিঙ্গুর, ২৮ মার্চঃ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে হাতে সিনেট বালি দিয়ে ইট গেঁথে পথশ্রী রাস্তাশ্রী প্রকল্পের সূচনা করলেন। মঙ্গলবার সিঙ্গুরের রতনপুর থেকে রাজ্যের ২২টি জেলার ১২ হাজার কিলোমিটার রাস্তার শিলায়ানাস করেন মুখ্যমন্ত্রী। এদিন মুখ্যমন্ত্রী বলেন, “সিঙ্গুরকে আমি ভুলিনি, ভুলতে পারবো না। সিঙ্গুর আন্দোলনের এক গুণ্য ভূমি। জমি আন্দোলনে এখানে ২৬ দিন আমরা অনশন করেছিলাম। কথা দিয়েছিলাম জমি ফিরিয়ে দেব, ফিরিয়ে দিয়েছি। যারা অনিচ্ছুক কৃষক ছিল তারা আজ আবার তাঁদের জমিতে চাষ করছে। এই সিঙ্গুর আমার খুব প্রিয় জায়গা। জোর করে জমি দখল করা যাবে না। সেই জমি অধিগ্রহণ এর আইন আমরা বদলে দিয়েছি। সিঙ্গুর আন্দোলনের কথা এখন পাঠ্য বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। আট একর জমিতে ইন্ডাস্ট্রিয়াল হাব হবে। সেখানে অনেকে ছেলেমেয়ের চাকরি হবে। সেই সিঙ্গুরের মাটি ছুঁয়ে গোলম কারন আবার কাল ও পরশু আন্দোলনের মূর্তির সামনে ধর্নায় বসব। কেন্দ্র সরকার একাধিক প্রকল্পের টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে তাঁরই প্রতিবাদে আবার ধরায় বসব।” এদিন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কেন্দ্র সরকারকে কটাক্ষ করে বলেন, আমাদের “কেন্দ্র সরকারকে বলে যাই। ওহে নন্দলাল ১১৪৯ টাকার গ্যাসে ফুটছে বিনা পয়সার চালা।” এছাড়াও তিনি বলেন, “এই হুগলি জেলায় তারকেশ্বর ফুরফুরা

শরীফ এবং বিভিন্ন জায়গায় দেখেছেন কিভাবে উন্নয়ন হয়েছে।” কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ, মুখ্যমন্ত্রীর নতুন নয়। জিএসটি, গ্যাসের দাম বৃদ্ধি, একশো দিনের কাজের টাকা না পাওয়া-এই সবই তাঁর প্রত্যেকটি সভার ‘কি পয়েন্ট’। বলাহিবাছল্য কেন্দ্রকে বিধতে এগুলিই তাঁর মুখ্য হাতিয়ার। তবে জিএসটি সমর্থন করে যে তিনি ভুল করেছেন, তা তাঁকে শেষ কোন সভায় বলতে শোনা



গিয়েছে, তা মনে করা কঠিন। সিঙ্গুর রাস্তাশ্রী-পথশ্রী প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠান মধ্যে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী সরাসরি বললেন, “জিএসটিতে সমর্থন করে ভুল করেছি।” রাস্তাশ্রী প্রকল্পের সূচনা

করে মুখ্যমন্ত্রী বলেন, “২২টা জেলার ৩০ হাজার গ্রামে রাস্তায় কাজ করা হবে। রাস্তা তৈরি করতে পৌনে চার হাজার কোটি টাকা খরচ হবে। সেই টাকার এক পয়সাও দিল্লির টাকা নয়। রাজ্যের টাকা।” এরপরই আসে জিএসটি প্রসঙ্গ। তিনি বলেন, “জিএসটি করার পর দিল্লি সব টাকা তুলে নিয়ে যায়। আমাদের সব থেকে বড় ভুল, ওটাকে সাপোর্ট করা। আমরা ভেবেছিলাম, এতে রাজ্যের লাভ হবে। এখন দেখছি, একশো

ইস্যুতে মুখ্যমন্ত্রীর বলা আরও একটি মন্তব্য নিয়ে জোর চর্চা হয়েছিল, সেটা হল ‘মুড়িতেও জিএসটি!’ সংবাদমাধ্যমের শিরোনামে ছিল এই শব্দবন্ধ। শুধু মুড়ি নয়, চালডাল বিভিন্ন খাদ্যদ্রব্যের উপর প্যাকেটজাত করা খাবারে ৫ শতাংশ জিএসটি বসানো সিদ্ধান্ত নিয়েছিল কেন্দ্র। তার প্রতিবাদ করতেই এই কটাক্ষ করেছিলেন মমতা। কিন্তু এদিন নিজমুখে স্বীকার করলেন জিএসটি চালুর সময়ে কেন্দ্রকে সমর্থন করে তিনি কত বড় ভুল করেছিলেন। প্রসঙ্গত, ২০১৬ সালে রাজ্যসভায় জিএসটি বিল চালু হয়। সেসময় তৃণমূল সংবিধান সংশোধনী এই বিলটিতে সমর্থন জানালেও, দেড় কোটি টাকার কম ব্যবসা করে এমন সংস্থার উপর কেন্দ্রের নজরদারি নিয়ে আপত্তি তুলেছিলেন মুখ্যমন্ত্রী মমতা। তিনি তখনও বলেছিলেন, জিএসটি-তে ছোট ব্যবসায়ীদের সমসার মুখে পড়তে হতে পারে। তৎকালীন জেটলির অর্থমন্ত্রী সেই আপত্তি খানিকটা মেনেও নিয়েছিল। জানানো হয়েছিল, দেড় কোটি টাকার কম ব্যবসা করে এমন সংস্থার উপরে নজরদারির অধিকার থাকবে শুধু রাজ্যের হাতে। কিন্তু তারপর বাস্তবে বছর এগোতে দেখা গিয়েছে ধাপে ধাপে জিএসটি চেপেছে সব কিছুর ওপরেই। জিএসটি নিয়ে সেই সময়ে সংবিধান সংশোধনী বিলটিকে সমর্থন জানানোই কি তাঁর সবচেয়ে বড় ভুল ছিল, এদিন মুখ্যমন্ত্রীর কথায় সেই বিষয়টিই মাথাচাড়া দিয়ে উঠেছে।

শিক্ষার উপযুক্ত মাধ্যম হল প্রকৃতি

বিশ্বভারতীর সমাবর্তনে রবীন্দ্রনাথকে স্মরণ রাষ্ট্রপতির



দূরন্ত বার্তা, বোলপুর, ২৮ মার্চঃ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের মঞ্চ থেকে রবীন্দ্রভাবনার গুরুত্বের কথাই মনে করিয়ে দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু। রবীন্দ্রনাথের নিজের হাতে গড়া শিক্ষালয়ের প্রাঙ্গণে ভাষণ দিতে গিয়ে বললেন, শিক্ষার মাধ্যম হিসাবে প্রকৃতিই উপযুক্ত। দু’দিনের রাজ্য সফরের অঙ্গ হিসাবে মঙ্গলবার বিশ্বভারতীতে এসেছেন রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে দুপুর পৌনে ১টা নাগাদ শান্তিনিকেতনে পৌঁছেন তিনি। সমাবর্তন অনুষ্ঠান শুরু হয় দুপুর ৩টে নাগাদ। সেই অনুষ্ঠান শুরু হওয়ার আগে তিনি রবীন্দ্র ভবন ঘুরে দেখেন। বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, মঙ্গলবার ১২টা ৪০ মিনিটে শান্তিনিকেতনের বিনয় ভবনের কুমিরডাঙা মাঠে রাষ্ট্রপতির হেলিকপ্টার অবতরণ করে। তাঁর সঙ্গে ছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। দুপুরে রাষ্ট্রপতিকে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান বোলপুরের তৃণমূল বিধায়ক তথা রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি বস্ত্রশ্রী চন্দ্রনাথ সিংহ। এর পর দুপুর ১টা নাগাদ সড়কপথে বিশ্বভারতীর রথীন্দ্র অতিথিগৃহে পৌঁছেন রাষ্ট্রপতি। সেখানেই মধ্যাহ্নভোজ সারেন তিনি। রাষ্ট্রপতির জন্য ভাত, রুটির সঙ্গে মুগের ডাল, পোস্তর বড়া, সুসুদূ পনিরের তরকারি ছাড়াও একাধিক নিরামিষ পদে সাজানো ছিল মধ্যাহ্নভোজ। দুপুরের আহারের পর কড়া নিরাপত্তার মধ্যে রাষ্ট্রপতিকে সড়কপথে শান্তিনিকেতনের উত্তরায়ণে

নিয়ে যাওয়া হয়। উত্তরায়ণে রয়েছে রবীন্দ্র সংগ্রহশালা। সেখানে গিয়ে প্রথমেই রবীন্দ্রনাথের ব্যবহৃত বাড়ি উদয়নে তাঁর চেয়ারে পুষ্পার্ঘ্য অর্পণ করেন রাষ্ট্রপতি। এর পর ঘুরে ঘুরে রবীন্দ্রনাথের ব্যবহৃত নানা জিনিসপত্র খুঁটিয়ে দেখেন তিনি। উদয়ন, পুনশ্চ, কোণার্ক, শ্যামলী- যে সমস্ত বাড়িতে রবীন্দ্রনাথ থাকতেন, তা-ও ঘুরে দেখেন রাষ্ট্রপতি। এর পর সড়কপথে বিশ্বভারতীর কলা ও সঙ্গীতভবনেও যান। কলাভবনের শিল্পীদের হাতের কাজ দেখে দৃশ্যতই বেশ খুশি রাষ্ট্রপতি। সেখান থেকে দেবেন্দ্রনাথ ঠাকুরের ছাতিমতলায় গিয়ে পুষ্পার্ঘ্য নিবেদন করেন। মঙ্গলবার দুপুর ৩টে নাগাদ বিশ্বভারতী ২০২২ বর্ষের সমাবর্তন অনুষ্ঠানে যোগদান করেন রাষ্ট্রপতি। শান্তিনিকেতনের আশ্রমঞ্জে স্থায়ী জহর বেদিতেই প্রাথমিক সমাবর্তন অনুষ্ঠান হয়ে আসছে। মঙ্গলবার সেখানকার মধ্যে উঠে বিশ্বভারতীর ডিগ্রিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানান রাষ্ট্রপতি। তাঁর ভাষণে স্বাভাবিক ভাবেই উঠে আসে রবীন্দ্রনাথের প্রসঙ্গ। বিশ্বভারতীর আশ্রম সঙ্গীত ‘আমাদের শান্তিনিকেতন আমাদের সব হতে আপন’- এর উল্লেখ করে এর অন্তর্নিহিত একতা ও মানবিকতার কথা মনে করিয়ে দেন রাষ্ট্রপতি। তিনি আরও বলেন, “গুরুদেব মনে করতেন, প্রকৃতিই হল শিক্ষার উপযুক্ত মাধ্যম।” ভাষণে রবীন্দ্রনাথের মুক্তচিন্তার কথাও উল্লেখ করেন রাষ্ট্রপতি।

রাহুল প্রসঙ্গ উহ্য রেখে মোদির আক্রমণ, বিজেপির সাফল্যেই বিরোধীরা ক্ষিপ্ত

নয়াদিল্লি, ২৮ মার্চঃ বিরোধীদের ফের নিশানা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মঙ্গলবার সংসদে বিজেপি এমপিদের বৈঠকে দীর্ঘ বক্তৃতা করেন প্রধানমন্ত্রী। দলীয় সাংসদদের উদ্দেশে তিনি বলেন, “বিরোধীরা বিজেপি সরকারের বিরুদ্ধে ঝুঁকছেন। তাই ভবিষ্যতে আক্রমণ আরও বাড়বে।” বিজেপি সাংসদদের অনেকের ধারণা হয়েছে মোদি আজ রাহুল গান্ধির বিষয়ে মুখ খুলবেন। কিন্তু প্রাক্তন কংগ্রেস সাংসদের প্রসঙ্গই তোলেননি ভাষণে। রাহুলের তোলা অভিযোগের প্রসঙ্গও তোলেননি প্রধানমন্ত্রী। তবে বুদ্ধিগে দিয়েছেন, আদালতের নিয়ে তাঁকে জড়িয়ে যা বলা হচ্ছে তা আসলে হবে সভা ভাল কাজকে কালিমা লিপ্ত করার চেষ্টা। প্রধানমন্ত্রী এই প্রসঙ্গে

বেটি বাঁচাও প্রকল্পের উল্লেখ করেছেন। বলেন, “এই প্রকল্প মুখ্যমন্ত্রী থাকার সময় গুজরাতে



চালু করেছিলাম। তখনও বিরোধীরা হেয়ছিল। দেশে চালু করার পরও সেই সমালোচনাই শুভেতে হচ্ছে।” সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হয়েছে। মোদির ১৩ তারিখ থেকে। প্রধানমন্ত্রী সংসদে

গিয়েছেন। কিন্তু অধিবেশন কক্ষে প্রশ্নে করেননি একদিনওবরাবরের মতো মঙ্গলবারও দলের সাংসদদের প্রধানমন্ত্রী বলেন, “সরকারের কাজের আরও প্রচার দরকার।” ৬ এপ্রিল বিজেপির প্রতিষ্ঠাবার্ষিকী। ১৪ এপ্রিল বিআর আশ্বদকরের জন্মদিন। প্রধানমন্ত্রী বলেন, “মাধ্যবর্তী সময়ে সরকারি কাজের প্রচার চালাতে হবে।” মোদির কথায়, “কেন্দ্রীয় সরকার সব সম্প্রদায়ের জন্যই কাজ করেছে। অতীতে কোনও সরকার সব নাগরিকের জন্য কাজ করেনি।” দলীয় সূত্রে খবর, মোদি মঙ্গলবারের বৈঠকে বারে বারে বলেন, সরকারের ভাল কাজের জন্যই বিরোধীরা দিশেহারা। তারা সরকারকে নিয়ে অপপ্রচার করছে।

সিঙ্গুরে মমতা, কৃষকদের বঞ্চনার অভিযোগে কলকাতার রাজপথের দখল নিলেন শুভেন্দুরা

দূরন্ত বার্তা, কলকাতা, ২৯ মার্চঃ সিঙ্গুরের মাটি থেকে যখন বিরোধীদের এক হাত নিচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়, সেই সময় কলকাতার রাস্তার দখল নিলেন শুভেন্দু অধিকারীরা। রাজ্যে কৃষকদের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ তুলে পথে নেমেছে পদ্ম শিবির। কলেজ স্কোয়ার চত্বরে বিশাল মিছিল বিজেপি কিয়ান মোর্চার। মিছিলের নেতৃত্বে রয়েছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রয়েছেন রাহুল সিনহাও। কলেজ স্ট্রিট থেকে শুরু হওয়া এই মিছিল এসএন ব্যানার্জি রোড হয়ে ধর্মতলায় গিয়ে শেষ হবে। রাজ্য সরকারের বিরুদ্ধে বাংলার কৃষকদের বঞ্চনার অভিযোগ তুলছে বঙ্গ বিজেপি শিবির। রাজ্যে কৃষক আত্মহত্যার অভিযোগ এবং ফসলের লাভজনক মূল্য না দেওয়ার অভিযোগে এদিন পথে নেমেছে বিজেপির কিয়ান মোর্চা। এদিন কলেজ স্কোয়ার চত্বর থেকে মিছিল শুরুর আগে শুভেন্দু অধিকারী কড়া ভাষায় আক্রমণ শানিয়েছেন রাজ্য সরকারকে। বলেন, “সিঙ্গুর



নিয়ে বড় বড় কথা মমতা বন্দ্যোপাধ্যায়ের। কৃষিধন মুকুব করা হোক, বিধানসভায় বলেছিলাম। রাজ্যের কৃষকরা বঞ্চিত। কৃষকদের ভোটে ক্ষমতায় আসে তৃণমূল। অথচ তাঁদেরকেই

বঞ্চিত করে রেখেছে।” সিঙ্গুরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কর্মসূচি নিয়েও কটাক্ষ করেন শুভেন্দু অধিকারী। বলেন, “এত কাজ করছে, অথচ নারকেল ফাটিয়ে বলতে হচ্ছে রাস্তার উদ্বোধন হবে। এক রাস্তার বাব বার করে উদ্বোধন করতে হচ্ছে।” যদিও শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির কিয়ান মোর্চার এই মিছিলকে কটাক্ষ করতে ছাড়ছে না তৃণমূল শিবিরও। তৃণমূলের রাজ্যসভার সাংসদ শান্তনু সেন বলেন, “তৃণমূলিক হিটলারি, স্বেচ্ছাচারী বিজেপি শাসনের আমলে শতাব্দীর সেরা কৃষক আন্দোলন কৃষকদের করতে হয়। শতাব্দীর সেরা এই আন্দোলনকে পুলিশ দিয়ে হাটুয়ে দেওয়া হয়। শেষ পর্যন্ত কৃষক আন্দোলনের চাপে তাঁদের কৃষি আইন প্রত্যাহার করতে বাধ্য হয়। নরেন্দ্র মোদি বলেছিলেন ২০১৪ সালে কৃষকদের আয় দ্বিগুণ হবে। কিন্তু আট বছরেও তা হল না।” তৃণমূল নেতার পাণ্টা বক্তব্য, “মমতা বন্দ্যোপাধ্যায়ের আমলে বাংলার কৃষকদের আয় তিন গুণ হয়ে গিয়েছে।”

শহিদ মিনারে অভিষেকের সভার অনুমতি, মানতে হবে একগুচ্ছ ‘শর্ত’! আদালতের নির্দেশের পরই তৈরি হল টিনের ব্যারিকেড, ‘জয়’ দেখছেন আন্দোলনকারীরা

দূরন্ত বার্তা, কলকাতা, ২৯ মার্চঃ আগামিকাল বুধবার শহিদ মিনারে তৃণমূল কংগ্রেস ছাত্র ও যুবদের সভার শর্তসাপেক্ষে অনুমতি দিল আদালত। বিচারপতি রাজ্যশেখর মাস্তার দেওয়া নির্দেশ অনুযায়ী, ডিএ আন্দোলনকারীদের মঞ্চ ও তৃণমূল ছাত্র যুবদের মঞ্চ দুটি স্তরে ব্যারিকেড করা থাকবে। এছাড়াও মানতে হবে আরও বেশ কিছু শর্ত। (১) বাঁশের এবং ২০ ফুট উচ্চতার টিনের বেড়া, এই দুটি ব্যারিকেডে আলাদা থাকবে দুটি কর্মসূচি। (২) সম্পূর্ণ সুরক্ষা ব্যবস্থাপনায় হবে সভা। সিসিটিভি ক্যামেরার নজরে শহীদ মিনার মুড়ে ফেলতে হবে। (৩) মিছিল প্রবেশ পথে থাকবে সিসিটিভি। উস্কানিমূলক মন্তব্য বা বক্তব্য ছোঁড়া যাবে না মিছিল থেকে। (৪) একইরকমভাবে ডিএ আন্দোলনকারীদের থেকেও উস্কানিমূলক মন্তব্য করা যাবে না। শান্তিপূর্ণ ভাবে হবে সভা। (৫) শর্ত মেনে সভা করার জন্য ব্যক্তিগত ভাবে দায়বদ্ধ থাকবে কলকাতার যুগ্ম কমিশনার। (৬) সমস্ত

ব্যারিকেড সরিয়ে দিতে হবে সভা শেষের পর। তবে একইসঙ্গে বিচারপতি মাস্তার পর্যবেক্ষণ, পুলিশের আমন্ত্রিত সমস্যা এটা। তাঁর প্রশ্ন, শহরে আর কোণে জায়গা নেই সভা করার? কেন পুলিশ নির্দেশ অনুযায়ী, ডিএ আন্দোলনকারীদের বিচারপতি মাস্তা বলেন, “পুলিশ কমিশনারকে মাথায় রাখতে হবে ভবিষ্যতে যেন একই জায়গায় দুটি কর্মসূচির অনুমতি না দেওয়া হয়। কলকাতায় আরও অনেক বড় জায়গা আছে। ট্রাফিক সামলাতে পারলে রেড রোডে অনুমতি দিয়ে দিন। আরও প্রচার বালেন, “আদালত প্রত্যাশ করে তৃণমূল ছাত্রযুবের তরফ থেকে অশান্তির কোন উস্কানি দেওয়া হবে না। যদি এরকম হয় তার ফল ভাল হবে না।” অন্যদিকে ডিএ আন্দোলনকারীদের আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য, বিক্রম বন্দ্যোপাধ্যায় বলেন, “সংগ্রামী যৌথ মঞ্চ বারবার হুমকির সম্মুখীন হয়েছে। বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি এসেছে।

নওশাদ সিদ্দিকীকে হেনস্থা করা হয়েছে। মঞ্চ উঠিয়ে দেওয়ার পরিকল্পনা নিয়ে একই জায়গায় তৃণমূল ছাত্র পরিষদকে

কলকাতায় কি আর কোন জায়গা নেই? টিএমসিপি-র আবেদন জমা করার পরে পুলিশ কি তাদের জিজ্ঞাসা করেছিল যে



সভার অনুমতি দেওয়া হয়েছে।” মামলায় অন্য কোথাও এই সভা করা সম্ভব বিচারপতির পর্যবেক্ষণ, “অন্যত্র কি এই সভা করা যায় না। ঘটনা ঘটে গেলে নিয়ন্ত্রণ করার কী দরকার? আগে থেকেই সভার বিরোধীরা দিশেহারা। তারা অযথা সমস্যা তৈরি করার কী দরকার?

ধরনা মঞ্চের মাঝে টিনের ব্যারিকেড বসানো হয়েছে মঙ্গলবার বিকেলেই। বসানো হয়েছে ওয়াচ টাওয়ার। সভার অনুমতি দেওয়া হলোও একাধিক শর্ত দিয়েছে কলকাতা হাইকোর্ট। সেই শর্ত অনুযায়ী, সব ব্যবস্থা করা হচ্ছে সভাস্থলে। মঙ্গলবার বিকেলে সভাস্থল পরিদর্শন করেছেন উচ্চপদস্থ পুলিশ অধিকারিকরা। উপস্থিত ছিল সেনাবাহিনীও। তবে যেভাবে সভাস্থল ঘিরে দেওয়া হয়েছে, তাতে জয় হয়েছে বলেই মনে করছেন যৌথমঞ্চের সদস্যরা। মেগা সভার আগে মঙ্গলবার বিকেলে কার্যত সরগরম শহিদ মিনার চত্বর। মিনার বরাবর সরলরেখায় দাঁড় করানো টিনের ব্যারিকেডের অস্থায়ী সীমানা তৈরি করা হয়েছে। এদিকদিকে কেন্দ্রের বঞ্চনা, কেন্দ্রীয় তদন্ত সংস্থার বিরুদ্ধে বাড়বাড়ন্তের অভিযোগ-সহ একাধিক দাবিতে সভা করবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। আর অস্থায়ী ব্যারিকেডের তৃণমূলের ছাত্র ও যুব সংগঠনের সভাস্থল অবস্থান মঞ্চ। ডিএ ধরনা মঞ্চের কাছে

কেন তৃণমূল ছাত্র পরিষদের সভার মাইক লাগানো হয়েছে, তা নিয়ে আপত্তি জানিয়েছিলেন সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ। পরে সেই মাইক খুলে দেওয়া হয়েছে। তবে আন্দোলনকারীদের দাবি, যে ভাবে মুখ বেঁধে তৃণমূলকে সভা করার অনুমতি দেওয়া হয়েছে, তাতে তাঁদের জয় মিথস্ক্রিয়া বলেই মনে করছেন। এদিন পুলিশকে করেছে সোয়ে সভাস্থলের অসুবিধা ও সমস্যাগুলোর কথা বলেছেন আন্দোলনকারীরা। পুলিশও সেগুলি সমাধানের আশ্বাস দিয়েছেন। অন্যদিকে, সিসি ক্যামেরা বসাসে সংগ্রামী যৌথ মঞ্চ। মঞ্চ চোকার সময় জানতে চাওয়া হচ্ছে পরিচয়। ধরনা মঞ্চের কাছেই তৃণমূলের সভা নিয়ে বিতর্ক হয়েছে। অবশেষে মঙ্গলবার আদালত অনুমতি দেওয়ায় সভার ক্ষেত্রে আর কোনও বাধা নেই। তবে সভা যাতে শান্তিপূর্ণভাবে হয়, সভাও অচ্যুত না ঘটে, সে ব্যাপারে সতর্ক করা হয়েছে আদালতের তরফে।

তিলজলাকাণ্ডে উদ্বেগ প্রকাশ কেন্দ্রীয় শিশু সুরক্ষা কমিশনের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : তিলজলাকাণ্ডে টুইটে উদ্বেগ প্রকাশ করল কেন্দ্রীয় শিশু সুরক্ষা কমিশনের। কমিশনের একটি প্রতিনিধি দল এই গোটা ঘটনার বিস্তারিত বিবরণ গ্রহণ করবে। এই কথা জানিয়েছেন খোদ কেন্দ্রীয় শিশুসুরক্ষা কমিশনের চেয়ারপার্সন। সোমবার রাতে তিনি এই প্রসঙ্গে একটি টুইট করেন, তাতে তিনি লেখেন, কলকাতার ৭ বছরের শিশু কন্যার মৃত্যুতে উদ্বিগ্ন কমিশন। সঙ্গেই টুইটে তিনি লিখেছেন, এই ঘটনায় চিঠি পাঠানো হচ্ছে রাজ্যের ডিজিপি এবং মুখ্যসচিবকে। একটি প্রতিনিধি দল এই গোটা ঘটনার বিস্তারিত বিবরণ গ্রহণ করবে বলেও জানিয়েছেন তিনি টুইটে। তিলজলা কান্ড নিয়ে উত্তাল রাজ্য। অভিযোগ উঠেছে তিলজলায় সাত বছরের এক নাবালিকাকে অপহরণ করে খুন করার। গতকাল খুনের ঘটনায় উত্তাল হয় একাধিক স্থান। পার্ক সার্কাসে রেল অরোহণ করে উত্তণ্ড জনতা। অভিযুক্তকে কচৌর শাস্তির দাবিতে সোমবারই একাধিক জায়গায় বিক্ষোভ দেখানো হয়। ইতিমধ্যে গ্রেফতার করা হয়েছে মূল অভিযুক্তকে। জানা গিয়েছে, তান্ত্রিকের পরামর্শে সন্তান লাভের আশায় শিশুটিকে খুন করেছে অভিযুক্ত। পুলিশ তদন্ত চালাচ্ছে।

পথশ্রী প্রকল্পের রাস্তার সূচনা হাওড়ার একাধিক জায়গায়



দুরন্ত বার্তা, হাওড়া, ২৮ মার্চ : পথশ্রী প্রকল্পের রাস্তার সূচনা হলো হাওড়া জেলার প্রতিটি ব্লকের প্রতিটি পঞ্চায়েতের একাধিক জায়গায়। মঙ্গলবার দুপুরে মূল অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হুগলির সিধুরে, রাজ্যের বিভিন্ন পঞ্চায়েতের মোট প্রায় ১২ হাজার কিলোমিটার রাস্তার সূচনা হয়। এই উপলক্ষ্যে বিভিন্ন পঞ্চায়েতের বিভিন্ন জায়গায় মুখ্যমন্ত্রীর সূচনার পরে স্থানীয় ভাবে রাস্তার সূচনা হয়। এই উপলক্ষ্যে উলুবেড়িয়া ১ নং ব্লকের বহিরা পঞ্চায়েতের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের জনস্বাস্থ্য পরিগারি ও পূর্ত মন্ত্রী পুলক রায়, হাওড়া জেলাশাসক শ্রীমতি মুক্তা আর্থ, হাওড়া জেলা পরিষদের সহ সভাপতিত অজয় ভট্টাচার্য্য, উলুবেড়িয়া ১নং বিডিও নীলদ্রী শেখর দে, সভাপতি সুলতানা বেগম। শ্যামপুর ১নং ব্লকের শ্যামপুর পঞ্চানন্দ মন্দিরের কাছে এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্যামপুরের বিধায়ক কালীপদ মন্ডল, বিডিও তন্ময় কাষী, শ্যামপুর ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি সোখ নাসরিন, কর্মাধ্যক্ষ কৃষ্ণেন্দু পুরকাইত, শ্যামপুর ২নং ব্লকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্যামপুর ২ নং বিডিও ফারহানাছ খানম, সভাপতি জুলফিকার আলী মোল্লা, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ শ্রীধর মন্ডল, জেলা পরিষদের অধ্যক্ষ নদেবাসী জানা সহ বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ, পঞ্চায়েত সদস্যরা।

তত্ত্ববিদ্যার বিরুদ্ধে নাগরিক সচেতনতার রূপরেখা চেয়ে আবার শুনানির আবেদন বিজ্ঞান মঞ্চেৱ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : আবার তত্ত্বের বলি নাবালিকা। তিলজলায় স্ত্রীর সন্তান নষ্ট হয়ে যাচ্ছিল। তাই তান্ত্রিকের মতে বলি হয়েছে ছেটি ৭ বছরের মেয়েকে। পিশাচ প্রেফতার। বন্ডেল বন্ধ হয়। এই পরিস্থিতিতে মঙ্গলবার তত্ত্ববিদ্যার বিরুদ্ধে নাগরিক সচেতনতার রূপরেখা চেয়ে আবার শুনানির আবেদন করে বিজ্ঞান মঞ্চ। যদিও প্রেক্ষিটটা আলাদা। বীরভূমের আমোদপুরে ভাইনি সন্দেহে শ্রৌচ দম্পত্যিকে খুন ও তিলজলায় তত্ত্ব সাধনার জন্য নাবালিকা হত্যায় কালাজাদু বা তত্ত্ববিদ্যার বিরুদ্ধে নাগরিক সচেতনতার রূপরেখা চেয়ে দায়ের হাওয়া মামলাটি ফের শুনানির জন্য আদালতের কাছে আবেদন করল বিজ্ঞান মঞ্চ। প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে মামলাটি বিচারাধীন। এই মামলায় এবার আদালতে আবেদন জমা দেওয়ার অনুমতি দিয়েছে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। বীরভূমের আমোদপুরে ভাইনি সন্দেহে শ্রৌচ দম্পত্যিকে পিটিয়ে খুনের অভিযোগে ওঠে গ্রামের মোড়ল এবং তাঁর দলবলের বিরুদ্ধে। ভাইনি অপবাদ দিয়ে তাদের বেষড়ক মারধরও করা হয়। গুরুতর আহত অবস্থায় বোলপুর শিয়ান হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই ওই দম্পত্যের মৃত্যু হয়। এদিকে মৃতদেহ গ্রামে নিয়ে যাওয়া হলে, স্থানীয়দের একাংশ বিক্ষোভ দেখায়। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। স্থানীয় থানার পুলিশের তরফে গ্রামবাসীদের বোঝান হয় যে যেন তারা দ্রুত সৎকার সন্মলন করেন। বিক্ষোভ দেখাতে থাকেন গ্রামবাসীরা। মূলতঃ দেবীদেৱ প্রেফতারের দাবীতে এই বিক্ষোভ। এই ঘটনায় মৃতদের পরিবারের তরফে একটি এফআইআর দায়ের করা হয়।



বিহার সিং হাসপাতালে বিশ্ব যক্ষ্মা দিবস পালিত হয়েছে। ২৭.০৩.২০২৩ তারিখে সিং হাসপাতাল যেখানে ডাক্তারদের জন্য একটি বৈজ্ঞানিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। ডঃ রুদ্রেন্দু ভট্টাচার্য্য, প্রধান চিফ মেডিকেল ডিরেক্টরইস্টার্ন রেলওয়ে ডাঃ ইন্দিরা ঝা, মেডিকেল ডিরেক্টর এবং অন্যান্য ডাক্তাররা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ডাঃ রুদ্রেন্দু ভট্টাচার্য্য, জাতীয় যক্ষ্মা নির্মূল কর্মসূচির উপর তার মূল্যবান বক্তৃতা প্রদান করেন। স্বাস্থ্য ভবনের রাজা যক্ষ্মা কর্মকর্তারাও উপস্থিত ছিলেন এবং সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন জাতীয় যক্ষ্মা নির্মূল কর্মসূচির উপর বক্তৃতা দিয়ে বি.আর. সিং হাসপাতালের মেডিসিন ও পেডিয়াট্রিয় বিভাগের স্নাতকোত্তর প্রশিক্ষণার্থী যক্ষ্মা সম্পর্কিত বিভিন্ন বিষয় উপস্থাপন করেছিলেন।



কলকাতায় ব্লু স্টারের কুলিং এবং পিউরিফিকেশন অ্যাপ্লায়েস-র প্রেস কনফারেন্সের অনুষ্ঠানে উপস্থিত ইস্ট রিজিওনের মিঃ বি খাইগারাজন ম্যানেজিং ডিরেক্টর এবং অরিজিত কৌরিয় জেনারেল ম্যানেজার।

চারটি ই-গভর্নেন্স সম্মান লাভ রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : রাজ্য সরকার অনলাইনে পরিষেবা দেওয়ার জন্য চারটি ই গভর্নেন্সে সম্মান লাভ করেছে। মুখ্যমন্ত্রী মমতা বানার্জি এদিন টুইট করে এই খবর জানিয়েছেন। জন অভিযোগের নিষ্পত্তিতে তার কার্যালয় যেভাবে কাজ করছে তার উৎকর্ষতার জন্য সম্মান লাভ ছাড়াও মাইনর মিনারেল সাপ্লাই চেইন ম্যানুজমেন্ট সিস্টেম, অনলাইনে খাদ্যসাবী প্রকল্প ও সুসংহত কোভিড ব্যবস্থাপনার জন্য কম্পিউটার সোসাইটি অফ ইন্ডিয়া এই স্বীকৃতি দিয়েছে বলে তিনি জানিয়েছেন। এইজন্য মুখ্যমন্ত্রী এইসব কাজের সঙ্গে যুক্ত সব সরকারি অধিকারিক ও কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন।

রেশন দোকানে গ্রাহক সংখ্যায় সমতা আনার উদ্যোগ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : রাজ্য সরকার রেশন দোকানে গ্রাহক সংখ্যায় সমতা আনার উদ্যোগ নিয়েছে। কোনও রেশন ডিলারের আওতায় যাতে তিন হাজারের বেশি গ্রাহক না থাকে খাদ্য দফতর সে বিষয়ে উদ্যোগী হয়েছে। নতুন ডিলারদের লাইসেন্স প্রদান এবং রেশন দোকানে গ্রাহক সংখ্যার পুনর্বিন্যাসের মাধ্যমে গ্রাহক সংখ্যায় সমতা আনার কাজ করা হচ্ছে। রাজ্যের খাদ্যদফতর সূত্রে জানা গেছে সেপ্টেম্বর থেকে শুরু হওয়া এই প্রক্রিয়ার আওতায় প্রায় ২০০০ দোকানকে চিহ্নিত করা হয়েছে, যাদের গ্রাহক সংখ্যার পুনঃবিন্যাস করা হবে। এছাড়াও ইতিমধ্যেই ২০০ জন নতুন ডিলারকে লাইসেন্স দেওয়া হয়েছে। বর্তমানে রাজ্যে ২১ হাজার রেশন ডিলারের অধীনে ৯ কোটি ২০ লক্ষের কাছাকাছি রেশন গ্রাহক রয়েছে। নতুন ডিলারদের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে ডিলার পিছু গ্রাহক সংখ্যা ৬০০০ এর মধ্যে বেঁধে রাখার লক্ষ্যমাত্রা নিয়েছে খাদ্য দফতর। এদিকে চাক্ষের রেটিনি স্ক্যান করে রেশন গ্রাহকদের বায়োমেট্রিক তথ্য যাচাই করে রেশন দেওয়ার প্রক্রিয়া ১ মার্চ থেকে পরীক্ষামূলকভাবে প্রতি জেলার পাঁচটি করে রেশন দোকানে চালু করা হয়েছে। খাদ্য দফতর ডিলারদের এই কাজের প্রশিক্ষণ দিচ্ছে।


নাবালিকাকে ধর্ষণ, গ্রেফতার ১

দুরন্ত বার্তা, হাওড়া, ২৮ মার্চ : এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ দায়ের হয়েছে হাওড়ার বালি থানায়। জানা গেছে, সোমবার ওই ঘটনা ঘটে। অভিযোগ, ওই নাবালিকা ও তার বন্ধুরা মিলে সোমবার একটি আবাসনের ফ্ল্যাটে যায়। সেখানেই ঘটে ওই ঘটনা। নাবালিকার পরিবারের তরফে অভিযোগ পেয়েই তৎপর হয় বালি থানার পুলিশ। এই ঘটনায় ১ জনকে এখন পর্যন্ত গ্রেফতার করা হয়েছে। বাকিদের খোঁজ চলছে। পকসো আইনে মামলা রুজু করা হয়েছে ।

সপ্তাহান্তে বৃষ্টির আশঙ্কা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : সপ্তাহান্তে পিছু ছাড়ছে না দুর্মাণে। বুধবারের পর আবহাওয়া পরিস্থিতির উন্নতির সম্ভাবনা রয়েছে। তার রেশ কাটতে না কাটতেই সপ্তাহান্তে আবার বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির আশঙ্কা। স্ত্রুৎ ও শনিবার ফের রাজা জুড়ে ঝড় বৃষ্টির আশঙ্কা রয়েছে বলে জানানো হয়েছে। শিলাবৃষ্টির সঙ্গে কোথাও কোথাও দমকা ঝোড়ো হাওয়া বইতে পারে। দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। মঙ্গলবারও কয়েকটি জেলায় বজ্রবিদ্যুৎসহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উপকূলের জেলায় বৃষ্টির সম্ভাবনা বেশি। উপকূলের জেলা দুই মেদিনীপুর, হাওড়া, দুই ২৪ পরগনাত্তে বৃষ্টির সম্ভাবনা বেশি থাকবে। দিন ও রাতের বৈশাখী বাড়বে বলে জানানো হয়েছে। জলীয় বাষ্প থাকায় অস্বস্তিও বাড়বে। উত্তরবঙ্গে দক্ষিণাং, কালিঙ্গপং, আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়ি এই কয়েকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টি চলবে। মালদা ও দুই দিনাজপুরের নিচের দিকে জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টি। বুধবার থেকে শুষ্ক আবহাওয়া দেখা যাবে। কলকাতায় আংশিক মেঘলা আকাশ দেখা যাবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টির সামান্য সম্ভাবনা রয়েছে। তাম্রাত্রা বাড়বে, জলীয় বাষ্প থাকায় অস্বস্তিও বাড়বে বলে জানা গিয়েছে।

সাঁকরাইল থানার পোদরা গঙ্গার ঘাটে দুই নাবালকের দেহ উদ্ধারে চাঞ্চল্য, তদন্তে পুলিশ



শ্রেয়া আদক, হাওড়া, ২৮ মার্চ : একই পরিবারের দুই নাবালক ভাইয়ের মৃতদেহ উদ্ধার হলো হাওড়ার সাঁকরাইলের নাজিরগঞ্জ তদন্ত কেন্দ্রে এলাকার পোদরা ঘাট থেকে। জানা গেছে, সোমবার সকালে বাড়ির পাশের একটি মাঠে খেলা করছিল দুই ভাই। এরপর দুপুরের পর থেকে আচমকাই নিখোঁজ হয়ে যায় তারা। দীর্ঘ সময় ধরে পরিবারের লোক এবং এলাকার স্থানীয় বাসিন্দারা খোঁজাখুঁজির পরও প্রথমে খোঁজ পাওয়া যায়নি দুই ভাইয়ের। এরপর পরিবারের লোকেরা রাতে নাজিরগঞ্জ তদন্ত কেন্দ্রে গিয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করতে এসে সেখান থেকে খবর পান দুই নাবালকের দেহ উদ্ধার হয়েছে। মৃতদের নাম মহ লাভিস (১২) ও মহ আসিফ (৮)। এরা নাজিরগঞ্জ লিচুবাগান এলাকার বাসিন্দা। মা রানী খাতুনের অভিযোগ তিন মাস আগে বাড়ির বড় মেয়েকে নিয়ে পালিয়ে যায় শামীম নামের এক ব্যক্তি। এরপর থেকেই শামীমের সাথে তাদের ঝামেলা শুরু হয়। সেই কেস

কম সুদে ঋণের টোপ, লেকটাউনে ভুয়ো কলসেন্টার চক্র ফাস করল পুলিশ



দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : ফোন আসত কম সুদে ঋণের প্রস্তাব নিয়ে। সেই ফাঁদে পা দিলেই জবাই হতেন ঋণ নিতে আগ্রহী গ্রাহক। ঋণ দেওয়ার বদলে তাদের নামে মোটা টাকা বিমা করিয়ে তাঁদের টাকা লুঠ করা হত। কলকাতাটাই একটি ভুয়ো কলসেন্টার খুলে এই বেআইনি কাজ চালাতেন কয়েক জন তরুণ-তরুণী। সেই চক্র ফাস করল পুলিশ। উল্টোডাঙা সংলগ্ন দক্ষিণদাড়িতে বসে কলসেন্টারের আড়ালে জালিয়াতি চক্র চালানোর অভিযোগে উঠেছিল। এবার স্বতঃপ্রণোদিত অভিযান চালিয়ে তিন ফ্ল্যাট থেকে ১৬ জনকে গ্রেপ্তার করল পুলিশ। তাঁদের কাছ থেকে প্রচুর সংখ্যক মোবাইল, ডেবিট কার্ড, ল্যাপটপ ও টাকা বাজেয়াপ্ত হয়েছে। কলকাতা ও তৎসংলগ্ন এলাকায় একের পর এক ভুয়ো কল সেন্টারের হৃদিস মিলেছে। কোথাও

নিশীথের প্রামাণিকের কনভয়ে হামলা, সিবিআই তদন্তের নির্দেশ হাই কোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিকের কনভয়ে হামলার ঘটনায় সিবিআইকে তদন্তভার দিল কলকাতা হাই কোর্ট। মঙ্গলবার প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব এবং বিচারপতি রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে রায় দিচ্ছে, নিরপেক্ষ তদন্তের স্বার্থে এই ঘটনার তদন্ত করবে সিবিআই। হাই কোর্টের পর্যবেক্ষণ, আদালত যাবতীয় অভিযোগ খতিয়ে দেখেছে। নথিপত্র খতিয়ে দেখে আদালত মনে করছে, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্তের জন্য সিবিআইকে এই মামলার তদন্তভার দেওয়া উচিত। গত ২৫

ফেব্রুয়ারি কোচবিহারের দিনহাটায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ডেপুটি নিশীথের কনভয়ে হামলা চালানোর অভিযোগ ওঠে। বিজেপির অভিযোগ, বোমা, গুলি এবং পাথর ছুঁড়ে হামলা চালানো হয়। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী ওই দিন দিনহাটায় গিয়েছিলেন নিশীথ। সেখানেই বিভিন্ন এলাকায় ঘুরে বিজেপি কর্মীদের সঙ্গে কথা বলছিলেন তিনি। স্থানীয় সূত্রে জানা গিয়েছিল, বুড়িরহাট এলাকায় তাঁর কনভয় পৌঁছালে তৃণমূল কর্মীরা তাঁকে কালো পতাকা দেখান। যার জেরে পরিস্থিতি উত্তণ্ড হয়ে ওঠে। বিজেপি

করেছিল বিজেপি। তাদের তরফে আইনজীবী সূর্যনীল দাস প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেন। বিচারপতি শ্রীবাস্তবের বেঞ্চে সেই মামলা দায়েরের অনুমতি দিয়েছিলেন। এর আগে রাজ্যে বর্গটুকিাণ্ড-সহ বিভিন্ন ঘটনা নিয়ে সিবিআই তদন্ত দাবি করেছিল সিবিআই। নিশীথের কনভয়ে হামলা নিয়েও সিবিআই তদন্ত দাবি করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তার পর রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছিল হাই কোর্ট। এবার সিবিআই তদন্তের নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট।

মান্যতা পেল না শুভেন্দুর আর্জি, ভোট নিয়ে আর বাধা রইল না কমিশনের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : কলকাতা হাই কোর্টে আপাতত মঞ্জুর হল না শুভেন্দু অধিকারীর আর্জি। পঞ্চায়েত ভোট নিয়ে আদালতে একটি জনস্বার্থ মামলা করেছিলেন তিনি। প্রশ্ন তুলেছিলেন রাজ্যের ওবিসি সম্প্রদায়ের গণনার সিদ্ধান্ত নিয়ে। বলা হয়েছে, এবার নির্বাচন সংক্রান্ত সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করবে রাজ্য নির্বাচন কমিশন। এই মুহূর্তে পঞ্চায়েত ভোট ঘোষণা হলেও কোনও সমস্যা নেই। রাজ্যের ওবিসি সম্প্রদায়ের গণনার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে হাই কোর্টে জনস্বার্থ মামলা করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তার অভিযোগ ছিল, ২০১১ সালে তফসিলি জাতি এবং উপজাতির গণনা করা হলেও অন্যান্য অগ্রপ্রসার শ্রেণির গণনা হয়নি। পাট্টা কমিশনের বক্তব্য ছিল, তারা বাড়ি বাড়ি গিয়ে এই গণনা করছেন। শুভেন্দুবাবু সেই প্রক্রিয়াকেও চ্যালেঞ্জ করেছিলেন। মঙ্গলবার শুভেন্দুবাবুর সেই জনস্বার্থ মামলাটিই ওঠে প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব এবং বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চে। আদালত জানিয়ে দেয়, ‘‘নির্বাচন সংক্রান্ত বিষয়ে হাই কোর্ট কোনও হস্তক্ষেপ আপাতত করবে না। এই বিষয়ে সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করবে রাজ্য নির্বাচন কমিশন।’’ তবে শুভেন্দু অধিকারী নতুন করে এই বিষয়ে মামলা করতে পারেন। এদিনের সিদ্ধান্তে সেকথা জানিয়েছেন বিচারপতিরা।

অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এলপিজি সংযোগ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : শিশু ও অন্তঃস্বাদ্যের স্বাস্থ্য নিরাপত্তা বজায় রাখতে রাজ্যের ৭১ হাজারের বেশি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এলপিজি সংযোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। রাজ্যের নারী, শিশু ও সমাজকল্যাণ দফতর এর জন্য মোট ৩৩ কোটি ৬২ লক্ষ টাকার বেশি বরাদ্দ করেছে।। শুধু আগামী ৩১ মার্চের মধ্যে সংশ্লিষ্ট অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির হাতে এই টাকা পৌঁছে দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। দফতরের মন্ত্রী শশী পাঁজা বলেন, কাঠকয়লা কিংবা কেরোসিনের স্টোভ জ্বালিয়ে রান্না করার সময় দূষণ ছড়িয়ে পড়ে। ধোঁয়া, কেরোসিন পোড়া গন্ধ ইত্যাদি মিশে এমন একটা পরিস্থিতি তৈরি হয়, যা শিশু ও সন্তানসম্ভবা মহিলাদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। সেজন্য যেসব অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নিজস্ব বাড়ি রয়েছে, আপাতত সেখানেই গ্যাস সংযোগ দেওয়ার ব্যবস্থা করা হবে। প্রতি কেন্দ্রে দুটি করে সিলিন্ডার বরাদ্দ করা হবে বলে জানা গেছে। গ্যাস সংযোগ নেওয়ার কাজ শেষ হওয়ার পর বাকি পরিকাঠামো গড়ে তোলা হবে ।

উৎসাহ ভাতা পাচ্ছে সাতটি পুরসভা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মার্চ : জঞ্জাল অপসারণে ভালো কাজ করার জন্য রাজ্যের সাতটি পুরসভা বিশ্ব ব্যাংকের কাছ থেকে উৎসাহ ভাতা পাচ্ছে। ওই টাকা সংশ্লিষ্ট পৌরসভা গুলি তাদের জঞ্জাল অপসারণ ও বর্জ্য ব্যবস্থাপনা পরিকাঠামো আরো মজবুত করে তোলার কাজে ব্যবহার করতে পারবে। রাজ্যের পুর ও নগর উন্নয়ন দপ্তর সূত্রে জানা গেছে হুগলির চাপদানি এবং ভদ্রেশ্বর, নদীয়ার শান্তিপুর এবং চাকদা উত্তর ২৪ পরগনার গারুলিয়া পুরসভা এই বরাদ্দ পাচ্ছে। এর পাশাপাশি পূর্ব মেদিনীপুরের হলদীদা এবং দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা পুরসভা বিশ্বব্যাংকের কাছ থেকে উৎসাহ ভাতা পাচ্ছে বলে জানা গেছে। এই পুরসভা গুলিকে সবমিলিয়ে মোট ১১ কোটি টাকার বেশি বরাদ্দ মঞ্জুর করেছে বিশ্ব ব্যাংক।

ত্রি়র গতিতে এগিয়ে চলেছে ডিমাপুর-কোহিমা নতুন রেল লাইন প্রকল্পের কাজ

মালিগাঁও, ২৮ মার্চ : একাধিক নতুন রেল লাইন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির রূপান্তরে ভারতীয় রেলওয়ে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। উত্তর পূর্বাঞ্চলের সবগুলি রাজ্যের রাজধানীর সাথে সংযোগ স্থাপনের জন্য ক্যাপিটাল কানেক্টিভিটি প্রজেক্ট-এর অধীনে নতুন রেল লাইন নির্মাণের কাজ চলছে। এগুলির মধ্যে একটি হল নাগাল্যান্ডের ডিমাপুর থেকে কোহিমা পর্যন্ত একটি নতুন ব্রডগজ রেল লাইন নির্মাণ। এই প্রকল্পের কাজ ত্বরান্বিত হতে এগিয়ে চলেছে। নতুন রেল

লাইনটি নাগাল্যান্ডের রাজধানী শহর কোহিমাকে দেশের ব্রডগজ রেলওয়ে ম্যাপে অন্তর্ভুক্ত করবে। ৮-২.০০ কিমি দৈর্ঘ্যের ডিমাপুর-কোহিমা নতুন রেল লাইন প্রকল্পটি অসমের ধনসিরি স্টেশন থেকে শুরু হয়ে কোহিমা সংলগ্ন জুবজা পর্যন্ত গেছে, যার কাজ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের নির্মাণ সংস্থার দ্বারা পরিচালনা করা হচ্ছে এবং এর আনুমানিক ব্যয় ৬,৬৬৩ কোটি টাকা। মোট ৮-২.৫ কিমি (২.৭৫ কিমি অসমে এবং ৭.৯৭৫ কিমি নাগাল্যান্ডে) দৈর্ঘ্যের এই প্রকল্পে ০৮টি নতুন স্টেশন রয়েছে, সেগুলি হলো যথাক্রমে ধনসিরি, ধনসিরাপা, শোখুতি, মোলভার, ফেরিমা, পিফেমা, মেসুন্সুম্বা ও জুবজা। এই প্রকল্পে ২৪ টি মেজর ব্রিজ, ১৫৬ টি মাইনোর ব্রিজ, ০৬ টি রোড ওভার ব্রিজ, ১৫ টি রোড আন্ডার ব্রিজ ও ৩১ কিমি দৈর্ঘ্যের ২১ টি সুড়ঙ্গ। ফেরিমা থেকে পিফেমা পর্যন্ত ৭ নং সুড়ঙ্গটি হলো। এই প্রকল্পের সবচেয়ে লম্বা সুড়ঙ্গ, যার দৈর্ঘ্য ৬,৫২০ মিটার। প্রকল্পটি সহজ্জে চালু করার জন্য ৩টি পর্যায়ে ভাগ করা হয়েছে। প্রথম পর্যায়ের ধনসিরি থেকে শোখুতি পর্যন্ত ১৬.৫ কিমি ইতিমধ্যে ২০২১-এর অক্টোবর মাসে সম্পূর্ণ হয়েছে। বিভিন্ন উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যের মধ্যে আন্তঃাঞ্চল রেল সংযোগ বৃদ্ধি করতে শোখুতি থেকে অরুণাচলের নারবলগুন এবং মেঘালয়ের মেল্পিাথার পর্যন্ত প্যাসেঞ্জার ট্রেন পরিষেবা সম্প্রতি চালু করা হয়েছে। শোখুতি থেকে ফেরিমা পর্যন্ত পরবর্তী পর্যায়ের কাজ খুব শীঘ্রই সম্পূর্ণ হবে এবং জুবজা পর্যন্ত সম্পূর্ণ প্রকল্পটি ২০২৬-এর মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্য ধার্য করা হয়েছে। এই নতুন রেল সংযোগের ফলে দেশের অন্যান্য প্রান্ত থেকে খুব সস্তায় খাদ্য শস্য ও অন্যান্য পরিকাঠামোমূলক সামগ্রী পরিবহণে সহায়ক হবে এবং স্থানীয় জনসাধারণ লাভাশ্বিত হবেন। সংশ্লিষ্ট রাজ্যের অর্থনৈতিক ব্যবস্থাও শক্তিশালী হবে।



পঞ্চায়েত ভোটের আগে পথশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে ১২০০০ রাস্তার নির্মাণ কাজের শুভ সূচনা হল



বিশ্বনাথ দাস, বিডিও সত্যজিত বিশ্বাস, আই সি রাকেশ চ্যাটার্জী, পঞ্চায়েত সমিতির সভাপতি তপন কুমার মন্ডল সহ আরো অনেকে। এছাড়া হরিনারায়ণপুর পঞ্চায়েতের উদ্যোগে গুদামের হাটে এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা পরিষদ সদস্য খান জিয়াউল হক, উৎপল রায় নন্দর, হরিনারায়ণপুর পঞ্চায়েত প্রধান

প্রবীর সরদার, উপপ্রধান মোস্তাকিন মোল্লা সহ আরো অনেকে। উত্তর পূর্ণাপুরের ফতেপুরে উপস্থিত ছিলেন প্রধান লিপিকা মন্ডল, বহরতুর দিঘীপাণ্ডে উপস্থিত ছিলেন প্রধান স্নেয়াশিস নাইয়া, উপপ্রধান মুজিবর রহমান লস্কর সহ আরো অনেকে। জয়নগর ২ নং ব্লকের সাহাজাপাণ্ডে ব্লক স্তরের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিডিও

